সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজী রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭

# প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির অষ্টাদশ সভার কার্যবিবরণী

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির অস্টাদশ সভা গত ৩০ মার্চ, ২০২৩ তারিখ অপরাহ্ন ২:৩০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | মো: গোলাম ফারুখ<br>পরিচালক (অপারেশন্স) | সদস্য |
| ২. | মো: মাহবুবুল আলম<br>পরিচালক (অর্থ ও ক্রয়) | সদস্য |
| ৩. | মো: শহিদ রহমত কাদির<br>মহাব্যবস্থাপক (মানব সম্পদ) | সদস্য |
| ৪. | মো: লুৎফর রহমান<br>মহাব্যবস্থাপক, এমই অ্যান্ড এল | সদস্য |
| ৫. | মো: ইশতিয়াক মাহমুদ<br>মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |

নৈতিকতা কমিটির সদস্য ও মহাব্যবস্থাপক (কমিউনিকেশন্স), ফওজিয়া তৌহিদ ছুটিতে থাকায় এবং নৈতিকতা কমিটির সদস্য ও প্রজেক্ট কো-অর্ডিনেটর, কমপোনেন্ট-৩, এসসিএমএফপি, এম.আই.এম. জুলফিকার মাঠ পর্যায়ের প্রকল্প এলাকা পারিদর্শনে থাকায় নৈতিকতা কমিটির সভায় উপস্থিত থাকতে পারবেন না মর্মে অবহিত করেছেন। সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বিমান কুমার ঘোষ, কর্মকর্তা (সুশাসন ও জবাবদিহিতা) ।

**সভার আলোচ্যসূচী:**

১. গত ২৬/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠন, দৃঢ়করণ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

২. এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় (তৃতীয়) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।

৩. এসডিএফ কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান ২০২১-২২ প্রসঙ্গে।

৪. এসডিএফ কর্তৃক চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত আইন উপদেষ্টার ফি হালনাগাদ প্রসঙ্গে।

৫. বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা প্রসঙ্গে।

৬. কোভিড-১৯ (Covid-19) এর চলমান পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।

৭. বিবিধ।

**আলোচ্যসূচী-১:**

গত ২৬/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠন, দৃঢ়করণ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

**আলোচনার সারসংক্ষেপ:**

সভার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অতপর গত ২৬ ডিসেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সপ্তদশ সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কিনা বা কারো কোনো মন্তব্য আছে কিনা জানতে চাওয়ায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ কার্যবিবরণীটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে ঐকমত্য প্রকাশ করেন।

**সিদ্ধান্ত:**

২৬/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সপ্তদশ সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যের সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্যসূচী-২:**

এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় (তৃতীয়) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।

**আলোচনার সারসংক্ষেপ:**

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন যে, কর্ম-পরিকল্পনার

- সূচক ১.১ (নৈতিকতা কমিটির সভা আয়োজন): প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির সভার যে লক্ষ্যমাত্রা তা আজকের সভা অনুষ্ঠিত হবার মাধ্যমে অর্জিত হচ্ছে।
- সূচক ১.২ (নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন): এর অর্জন হচেছ এই সভা হতে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন। সভার সভাপতি জানতে চান যে, নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কতটুকু হয়েছে। জবাবে নৈতিকতা কমিটির সদস্য সচিব এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) সভাকে অবহিত করেন যে, নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সিংহভাগ বাস্তবায়ন হয়েছে। এই বিষয়ে প্রতিবেদন তৈরী করা হয়েছে এবং তা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২২-২০২৩ জানুয়ারি-মার্চ ২০২৩ প্রান্তিক প্রতিবেদনের সাথে সংযুক্তি আকারে মন্ত্রণালয়ে পাঠানো হবে। তিনি সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে তা পাঠ করে শুনান।
- সূচক ১.৩ (সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা): এই সূচকে লক্ষ্যমাত্রা হতে অর্জন বেশি অর্জিত হয়েছে। (লক্ষ্যমাত্রা ৭ এর বিপরীতে ৯ অর্জন হয়েছে)
- সূচক ১.৫ (কর্ম-পরিবেশ উন্নয়ন): এই সূচকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে এবং কর্মসূচি চলমান আছে। কর্ম-পরিবেশ উন্নয়নের জন্য নতুন চেয়ার টেবিল এবং এসডিএফ প্রধান কার্যালয়ে আধুনিক তথ্য প্রযুক্তি নির্ভর সম্মেলন কক্ষ স্থাপন করা হয়েছে।
- সূচক ১.৬ (আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান): গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ এর নির্দেশনা অনুযায়ী ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর এপ্রিল

মাসের ১৬-৩০ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে। উক্ত নির্দেশনা অনুযায়ী ২০ এপ্রিল, ২০২৩ তারিখ লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে নৈতিকতা কমিটির সদস্য সচিব এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) আশাবাদ ব্যক্ত করেন। এমতাবস্থায় আঞ্চলিক কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সংক্রান্ত দ্বিতীয় প্রান্তিকের ফিডব্যাক সভার (২৩/০১/২০২৩) আলোচনার সারসংক্ষেপ নিচে উল্লেখ করা হলো:

ফিডব্যাক সভার সভাপতি প্রধান কার্যালয় সুশাসন ও জবাবদিহিতা বিভাগের মহাব্যবস্থাপক মোহাম্মদ ইশতিয়াক মাহমুদ ফিডব্যাক প্রদান করে বলেন যে, কোন অঞ্চলই জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অগ্রগতি বাস্তবায়নের সপক্ষে কোন প্রমাণক প্রধান কার্যালয়ে প্রেরণ করেননি। তিনি উদাহরন দিয়ে বলেন সূচক-১.১: (নৈতিকতা কমিটির সভা আয়োজন) এর জন্য প্রমাণক হচ্ছে সভার নোটিস ও সভার হাজিরা সীট যা আগামীতে ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের সাথে সংযুক্ত করে পাঠাতে হবে।

- সূচক ২.২ (অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)): এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
- সূচক ২.৩ (বাজেট বাস্তবায়ন): এই সূচকের লক্ষ্যমাত্রা ৩০% এর বিপরীতে ২৫% অর্জিত হয়েছে।
- সূচক ২.৪ (প্রকল্পের PIC সভা আয়োজন): এই সূচকের লক্ষ্যমাত্রা ১টি সভার বিপরীতে ১টি সভা অনুষ্ঠিত হয়েছে।
- সূচক ৩.১ (প্রকল্পের যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ): এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
- সূচক ৩.২ (দুর্নীতির বিরুদ্ধে আইনগত পদক্ষেপ): দুর্নীতির বিরুদ্ধে আইনগত পদক্ষেপ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে মো: গোলাম ফারুখ, পরিচালক (অপারেশন্স) বলেন এসডিএফ-এর কর্মকর্তা-কর্মচারী ও প্রকল্পের উপকারভোগীদের বিরুদ্ধে যে সকল মামলা চলমান রয়েছে তাদের বিবরণ ও বর্তমান অবস্থার তথ্য সংরক্ষণ করা প্রয়োজন। এ বিষয়ে নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন যে, সুশাসন ও জবাবদিহিতা বিভাগ ও জনাব মো: গোলাম ফারুখ, পরিচালক (অপারেশন্স) যৌথভাবে মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ করার জন্য একটি ছক তৈরি করবেন। এ সংক্রান্ত তথ্য সংগ্রহ করার পর সকল তথ্য সুশাসন ও জবাবদিহিতা বিভাগ সংরক্ষণ করবে।
- সূচক ৩.৩ (ই-ফাইলিং): এ সংক্রান্ত আলোচনায় সভার সভাপতি সভাকে অবহতি করেন যে, ই-ফাইলিং সংক্রান্ত প্রশিক্ষণ ১ ব্যাচ সম্পন্ন হয়েছে। অপর ১ ব্যাচ প্রশিক্ষণ এপ্রিল মাসের মধ্যে সম্পন্ন করার পরিকল্পনা করা হয়েছে। প্রশিক্ষণ সম্পন্ন হলে ই-ফাইলিং বাস্তবায়ন করা হবে।
- সূচক ৩.৪ (নারীর ক্ষমতায়ন): এই সূচকে কর্মসূচি চলমান আছে।

**সিদ্ধান্ত:**

এসডিএফ-এর কর্মকর্তা-কর্মচারী ও প্রকল্পের উপকারভোগীদের বিরুদ্ধে যে সকল মামলা চলমান রয়েছে তাদের বিবরণ ও বর্তমান অবস্থার তথ্য সংরক্ষণ করার জন্য প্রধান কার্যালয় কর্তৃক একটি ফরম্যাট তৈরি করা হবে। মাঠ কার্যালয় হতে এ সংক্রান্ত তথ্য সংগ্রহ করার পর সকল তথ্য সুশাসন ও জবাবদিহিতা বিভাগ সংরক্ষণ করবে।

**আলোচ্যসূচী-৩:**

এসডিএফ কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান ২০২১-২০২২ প্রসঙ্গ।

**আলোচনার সারসংক্ষেপ:**

এই বিষয়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটির সদস্য সচিব এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) সভাকে অবহিত করেন যে, মাঠ পর্যায় থেকে প্রেরিত পুরস্কারের জন্য সুপারিশকৃত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা ব্যবস্থাপনা পরিচালক এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটির আহ্বায়ক-কে প্রদান করা হয়েছে। এই পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন যে, শুদ্ধাচার পুরস্কার প্রদান করার লক্ষ্যে যোগ্য কর্মকর্তা-কর্মচারীদের তালিকা চূড়ান্ত করা জন্য একটি সভা করা প্রয়োজন। সভায় বিশদ আলোচনা করে শুদ্ধাচার পুরস্কার পাওয়ার যোগ্য কর্মকর্তা-কর্মচারীদের তালিকা চূড়ান্ত করা হবে।

**সিদ্ধান্ত:**

শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটির পরবর্তী সভা ৯ এপ্রিল, ২০২৩ তারিখ অনুষ্ঠিত হবে। উক্ত সভায় শুদ্ধাচার পুরস্কার পাওয়ার যোগ্য কর্মকর্তা-কর্মচারীদের তালিকা চূড়ান্ত করা হবে।

**আলোচ্যসূচী-৪:**

এসডিএফ কর্তৃক চুক্তি ভিত্তিক নিয়োগপ্রাপ্ত আইন উপদেষ্টার ফি হালনাগাদ প্রসঙ্গে।

**আলোচনার সারসংক্ষেপ:**

নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ সভাকে অবহিত করেন যে, চুক্তিভিত্তিক আইন উপদেষ্টার ফি সংক্রান্ত তালিকা ২০১৬ সালে নির্ধারণ করা হয়েছিল তাই তা সময়োপযোগী করার জন্য হালনাগাদ করা প্রয়োজন। সভায় উপস্থিত সকল সদস্য আইন উপদেষ্টাদের ফি হালনাগাদ করার বিষয়ে সহমত পোষণ করেন। অতপর জনাব ইশতিয়াক মাহমুদ সকল অঞ্চল থেকে প্রাপ্ত এ সংক্রান্ত প্রস্তাব সভায় উপস্থাপন করেন। উপদেষ্টার ফি পুনর্নির্ধারণের প্রস্তাবগুলো বিস্তারিত আলোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | মামলার খাতের বিবরন | বর্তমান খাত ওয়ারী আইনজীবীর সর্বোচ্চ ফি | প্রস্তাবিত খাত ওয়ারী আইনজীবীর সর্বোচ্চ ফি |
|---|---|---|---|
| ০১ | লিগ্যাল নোটিশ লেখা, প্রেরণ, এডি সহ/প্রযোজ্য ক্ষেত্রে লিগ্যাল নোটিশের জবাব প্রদান (প্রতিটি) | ১০০০/= | ৩০০০/= |
| ০২ | থানায় সাধারণ ডায়েরীসহ আইনজীবী সহায়তা: (ডায়েরী লেখা, কম্পিউটার কম্পোজ, ফটোকপি ও অন্যান্য) | ৫০০/= | ১০০০/= |
| ০৩ | জিআর মামলা (থানায় মামলা দায়ের, আরজি তৈরী, টাইপ ও অন্যান্য) | ২০০০/= | ৩০০০/= |
| ০৪ | আদালতে মামলা দায়েরের ক্ষেত্রে –ফৌজদারী মামলা দায়ের। (আরজি তৈরী, টাইপ, ওকালতনামা, কোর্ট ফি, আইনজীবী ও মোহরার ফি) | ২৫০০/= | ৩৫০০/= |
| ০৫ | সমন/প্রসেস দাখিল জারি ও ফেরৎ | ৫০০/= | ১৫০০/= |
| ০৬ | গ্রেফতারী পরোয়ানা, প্রসেস দাখিল ও জারি | ৫০০/= | ১০০০/= |
| ০৭ | আদালতের নির্দেশক্রমে প্রত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ (প্রতিটি আসামীর জন্য) | ১০০০/= | ২০০০/= |
| ০৮ | যে কোন আরর্জী/সর্বশেষ আদেশ/রায় এর কপি/সহি মহরী নকল আদালত হতে উত্তোলন ( প্রতিটির জন্য সকল ধরনের খরচ সহ ১-৫ দিনের মধ্যে উত্তোলন) | সিভিল-২০০০/=<br>ফৌজদারী-১০০০/= | সিভিল-২০০০/=<br>ফৌজদারী-১৫০০/= |

| ক্রমিক নং | মামলার খাতের বিবরন | বর্তমান খাত ওয়ারী আইনজীবীর সর্বোচ্চ ফি | প্রস্তাবিত খাত ওয়ারী আইনজীবীর সর্বোচ্চ ফি |
|---|---|---|---|
| ০৯ | চার্জ গঠনের জন্য শুনানী (হাজিরা সহ) | ১৫০০/= | ২০০০/= |
| ১০ | মামলার স্বাক্ষী অথবা জেরা (হাজিরা সহ), প্রতি ০৩ জন স্বাক্ষীর জন্য | ১৫০০/= | ১৫০০/= |
| ১১ | মামলার স্বাক্ষী অথবা জেরা (হাজিরা সহ), ০৩ জনের অধিক স্বাক্ষীর জন্য | ২০০০/= | ২০০০/= |
| ১২ | উভয় পক্ষের আইনগত যুক্তি তর্ক উপস্থাপন | ২০০০/= | ৩০০০/= |
| ১৩ | নারাজি দরখাস্ত দাখিল | ২০০০/= | ২০০০/= |
| ১৪ | যে কোন আপিল দায়ের/জবাব দাখিল/রিভিউ/রিভিশন দাখিল অথবা জবাব (প্রতিটি) | ৩০০০/= | ৪০০০/= |
| ১৫ | তদন্ত প্রতিবেদন সংক্রান্ত খরচ | ২০০০/= | ৩০০০/= |
| ১৬ | এফআইআর/ তদন্ত প্রতিবেদনের কপি/অন্যান্য যেকোন নথী আদালত থেকে উত্তোলন | ৫০০/= | ১০০০/= |
| ১৭ | ক্রোকি পরোয়ানা, প্রসেস দাখিল, প্রসেস জারী, চৌকিদার, আনসার, পুলিশ ইত্যাদি। | ৩০০০/= | ৪০০০/= |
| ১৮ | গ্রেফতারি পরোয়ানা, প্রসেস দাখিল, প্রসেস জারী, চৌকিদার, আনসার, পুলিশ। | ৩০০০/= | ৪০০০/= |
| ১৯ | আসামি জামিন খরচ ওকালত নামা, জামিননামা, দরখাস্ত, কোর্ট ফি সহ অন্যান্য (এসডিএফ স্টাফ ও গ্রাম সংগঠনের প্রতিনিধি)<br>(০১-০৩ জনের জন্য)<br>(০৪ বা তদুদর্দ্ধ জনের জন্য) | <br><br>৩০০০/=<br>৪০০০/= | <br><br>৪০০০/=<br>৫০০০/= |
| ২০ | এফিডেভিট (স্ট্যাম্প ব্যতীত) | ১০০০/= | ১৫০০/= |

**সিদ্ধান্ত:**

উপদেষ্টার ফি পুনর্নির্ধারণের প্রস্তাবগুলো বিস্তারিত আলোচনা করে উপরোক্ত তালিকা অনুযায়ী ফি পুনর্নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**আলোচ্যসূচী-৫:**

বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা প্রসঙ্গে।

**আলোচনার সারসংক্ষেপ:**

নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ কর্তৃক অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-এর খসড়া তৈরি করে জমা দেয়া হয়েছে, যার কপি নৈতিকতা কমিটির সকল সদস্যকে দেওয়া হয়েছে। এছাড়া মাঠ পর্যায়ে আঞ্চলিক ব্যবস্থাপকদের (সুশাসন ও জবাবদিহিতা) সাথে অনুষ্ঠিত জুম মিটিং-এ সংক্রান্ত আলোচনা করা হয়েছে।

**সিদ্ধান্ত:**

এপ্রিল মাসের তৃতীয় সপ্তাহের যে কোন এক দিন সভা করে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকার খসড়া চূড়ান্ত করতে হবে। অতপর ওয়েবসাইটে আপলোড করা হবে।

**আলোচ্যসূচী-৬:**

কোভিড-১৯ (Covid-19) এর চলমান পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।

**আলোচনার সারসংক্ষেপ:**

বর্তমানে বিশ্বে কোভিড-১৯ (Covid-19) ভাইরাস সংক্রমন বেড়ে যাওয়ায় এবং কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে মাস্ক পরিধান এবং কর্মক্ষেত্রে স্বাস্থ্যবিধি অনুসরণে যথেষ্ট শৈথিল্য পরিলক্ষিত হওয়ায় সকল কর্মকর্তা/কর্মচারীকে এ সংক্রান্ত স্বাস্থ্যবিধি এবং অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট নির্দেশনা মেনে চলা বাধ্যতামূলক বলে নৈতিকতা কমিটির আহ্বায়ক এ জেড এম সাখাওয়াত হোসেন সভাকে অবহিত করেন।

**আলোচ্যসূচী-৭:**

বিবিধ

বিবিধ আলোচনায় অংশ নিয়ে নৈতিকতা কমিটির সম্মানিত সদস্য এবং পরিচালক (অপারেশন্স) জনাব মো: গোলাম ফারুখ প্রধান কার্যালয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণে সুশাসন ও জবাবদিহিতা, ক্যাপ ও গ্যাপ বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের গুরুত্ব আরোপ করেন এবং এসডিএফ-এর সকল জেলায় আইন উপদেষ্টা না থাকলে নিয়োগ দেওয়ার প্রয়োজন রয়েছে বলে মতামত প্রদান করেন।

জনাব মো: শহিদ রহমত কাদির, নৈতিকতা কমিটির সম্মানিত সদস্য এবং মহাব্যবস্থাপক (মানব সম্পদ) বিবিধ আলোচনায় অংশ নিয়ে বলেন এসডিএফ-এর সকল গ্রামে সোশ্যাল অডিট কমিটি (স্যাক) সক্রিয় রয়েছে কিনা সে সংক্রান্ত তথ্য প্রধান কার্যালয়ে থাকা উচিত বলে মতামত প্রদান করেন।

জবাবে নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ সোশ্যাল অডিট কমিটি (স্যাক) সংক্রান্ত তথ্য এবং সুশাসন ও জবাবদিহিতা কর্মসূচির সাথে সংশ্লিষ্ট অন্যান্য তথ্য এসডিএফ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমের মাধ্যমে সংরক্ষিত করা সম্ভব হবে বলে আশাবাদ ব্যক্ত করেন ।

আর কোন আলোচনা না থাকায় নৈতিকতা কমিটির সম্মানিত আহ্বায়ক এবং সভার সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Hossain

এ জেড এম সাখাওয়াত হোসেন
ব্যবস্থাপনা পরিচালক
এবং
আহ্বায়ক, এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি